



জয়ের পর বিকেলে সংবাদ সম্মেলনে আসছেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ আসন পাওয়ার পর আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাতে সংবাদ সম্মেলনের আয়োজন করেছে বিএনপি।

আজ শনিবার বিকেল ৩টায় রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর বলরুমে এই আয়োজন হবে।

দলটির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নির্বাচন-পরবর্তী পরিস্থিতি ও দলের অবস্থান স্পষ্ট করতেই এ সংবাদ সম্মেলন ডাকা হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখবেন দলের চেয়ারম্যান তারেক রহমান। দলীয় সূত্র বলছে, নির্বাচনের ফলাফল বিশ্লেষণ, সরকার গঠনের প্রস্তুতি, সম্ভাব্য জোট সমীকরণ এবং আগামী দিনের রাজনৈতিক কর্মসূচি নিয়ে তিনি দিকনির্দেশনা দিতে এই সংবাদ সম্মেলন।

LENS ASIA